মেহেরপুরে পুলিশের নিয়মিত অভিযানে ৪ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলার ১ ও আদালতের পরোয়ানাভূ্ক্ত ৩ জনসহ ৪ জন আসামী গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ১ জনকে, মুজিবনগর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও সিআর মামলায় ২ জনকে গ্রেফতার করেছেন।

শুক্রবার সকাল থেকে আজ শনিবার (৯ জুলাই) ভোররাত পর্যন্ত সদর ও মুজিবনগর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভার্প্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

এছাড়া গাংনী থানায় মারমারির অভিযোগে একটি মামলা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা এফআইআরভূক্ত হয়েছে।

গ্রেফতারকৃতদের আজ শনিবার আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গণ উন্নয়ন কেন্দ্রে চাকরির সুযোগ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা গণ উন্নয়ন কেন্দ্র। প্রতিষ্ঠানটিতে প্রকিউরমেন্ট অফিসার নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারেন।

পদের নাম

প্রকিউরমেন্ট অফিসার।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে এমকম/এমবিএস/এমবিএ পাস হতে হবে। বয়স সর্বোচ্চ ৪০ বছর। কোনো প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে প্রকিউরমেন্ট সংক্রান্ত কাজে এবং লজিষ্টিক ব্যবস্থাপনায় কমপক্ষে দুই বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। জাতীয়/আন্তর্জাতিক দাতা সংস্থার অর্থায়নে পরিচালিত উন্নয়নমূলক প্রতিষ্ঠানে উল্লিখিত পদে/সম-মর্যাদার পদে কাজ করার বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

কর্মস্থল

বাংলাদেশের যেকোনো স্থানে।

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদন প্রক্রিয়া

আপনার জীবনবৃত্তান্ত যেখানে পাঠাবেন recruitment@gukbd.net

আবেদনের শেষ তারিখ

২০ জুলাই, ২০২২।

সূত্র : বিডিজবস

উন্মোচিত হলো আর্জেন্টিনার বিশ্বকাপ জার্সি, ব্যতিক্রম

পেছনের দিকে

আসন্ন কাতার বিশ্বকাপের জার্সি উন্মোচন করেছে আর্জেন্টিনা। শুক্রবার ৮ জুলাই দেশটির ফুটবল ফেডারেশন টুইটারে নতুন জার্সির ছবি প্রকাশ করেছে।

ছবিতে দেখা যায় অধিনায়ক লিওনেল মেসি বিশ্বকাপ জার্সি পড়ে আছেন। তার হাতে আছে কাতার বিশ্বকাপের বলও।

আর্জেন্টিনা ২০১৮ রাশিয়া বিশ্বকাপে যে জার্সি পড়ে খেলেছিল তাদের নতুন জার্সিটা প্রায় একইরকম।

জার্সিটির সামনের ভাগে রয়েছে তিনটি আকাশী নীল স্টেপ। আর দুটি সাদা স্টেপ।

তবে কিছুটা ব্যতিক্রম রয়েছে পেছনের ভাগে। জার্সিটির পেছন দিকে সামনের মতো নীল রঙের তিনটি মোটা স্টেপ দেওয়ার বদলে রয়েছে দুটি স্টেপ। মাঝের মোটা আকাশী নীল স্টেপের বদলে অনেকটা আর্জেন্টিনার পতাকার আদলে ডিজাইন করা হয়েছে।

বরাবরের মতো এবারো আর্জেন্টিনার জার্সির স্পন্সর হলো এডিডাস। তাদের চিরচেনা তিনটি লম্বা কালো স্টেপ দেওয়া হয়েছে কাঁধের ওপর। ২০১৮ রাশিয়া বিশ্বকাপেও কাঁধের উপরিভাগ অংশে আড়াআড়ি তিনটি কালো স্টেপ ছিল।

এদিকে ২১ নভেম্বর থেকে কাতারে শুরু হবে বিশ্বকাপের নতুন আসর।

বিশ্বকাপে গ্রুপ সি-তে খেলবে আর্জেন্টিনা। এ গ্রুপে তাদের প্রতিপক্ষ সৌদি আরব, মেক্সিকো এবং পোল্যান্ড।

মেহেরপুরে কোরবানীর শেষ হাটে

ক্রেতাদের ভিড়, দাম চড়া

কোরবানীর আর মাত্র ১ দিন বাকী তাই শেষ মুহুর্তে ক্রেতারা ভিড় করছে মেহেরপুরের হাটগুলোতে। গত তিনবারের পশুর হাট গুলোর থেকে শেষ দিনে আরো জমে উঠেছে মেহেরপুর জেলার গরুর হাটগুলো। তবে গরুর দাম তুলনামূলক বেশি হওয়ায় ক্রেতাদের হতাশ হয়ে বাড়িতে ফিরতে হচ্ছে।

কোরবানি নিকটে তাই ক্রেতা বিক্রেতা সকলেই ছুটছে পশুর হাটে। মেহেরপুরে প্রচুর গরু থাকলেও বেশী দামের আশায় অধিকাংশ গরু চলে যাচ্ছে বড় বড় জেলার হাটগুলোতে। ফলে এবার স্থানীয় হাটে গরুর দাম একটু চড়া বলে জানান বেপারীরা।

গতকাল শুক্রবার মেহেরপুরের পশুহাট ঘুরে দেখা যায়, বাঁশের খুঁটিতে বাঁধা রয়েছে গরু। অনেকেই এসেছেন বিক্রি এবং ক্রয় করতে। আবার কেউ কেউ এসেছেন কোরবানীর পশু দেখতে। অনেকেই ফিরে যাচ্ছে গরুর দাম সাধ্যের থেকে বেশি হওয়ায়।
এবিষয়ে মেহেরপুর সদর উপজেলা কুলবাড়িয়া গ্রামের গরু ক্রেতা জুয়াদ হোসেন বলেন, এই হাটে তেমন একটা ভালো গরু আমার চোখে পড়েনি। তাছাড়াও গরুর দাম আগের থেকে তুলনামূলক অনেক বেশি। সাইজ অনুযায়ী গরুর দাম প্রায় ডবল চাচ্ছে বেপারিরা।

মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা গ্রাম থেকে গরু কিনতে আসা আনোয়ার হোসেন বলেন, গরুর দাম অনেক বেশি। মধ্যবিত্তদের কুরবানী দেওয়া অনেক কষ্টসাধ্য। তাও মনের মতো গরু না পাইলেও একটি কেনা হয়েছে। দাম পড়ছে ৭৫ হাজার টাকা।

তবে ব্যবসায়ীরা জানাচ্ছেন ভিন্ন কথা। এবিষয়ে দিঘির পাড়ার গরু ব্যবসায়ী মোঃ সরিফুল বলেন, এবারকার হাটে গরু ক্রেতার অভাব নেই। মানুষ প্রচুর গরু কিনছে এইবার। এর আগের দিন গুলোতেও ভালো ব্যবসা করেছি। আজকে ২ টা গরু এনেছি এখনো বিক্রি করতে পারি নি। বেশির ভাগ মানুষ এড়ে গরু কিনছে আমি বকন এনেছি তাই ক্রেতা আসছে না।

মেহেরপুর সদর উপজেলা রায়পুর গ্রামের গরু ব্যবসায়ী আশরাফ শেখ বলেন, আজকে হাটে ২১ টা গরু বিক্রির জন্য এনেছি এখন আর ১০ টা গরু বিক্রির জন্য রয়েছে। এর আগের হাটগুলোর থেকে আজ ক্রেতার সংখ্যা অনেক বেশি। প্রতিটি গরু বিক্রি হচ্ছে ৮০ হাজার থেকে ১ লক্ষ টাকা

পর্যন্ত। এছাড়াও আমি দেশের বিভিন্ন জেলার হাটে গরু পাঠিয়েছি।

সদর উপজেলা শালিকা গ্রামের গরু বেপারী মিয়ারুল ইসলাম বলেন, গরু ৬ টা আনা হয়েছিলো ২ টা বেচতে পেরেছি। কোরবানী ঈদের শেষ হাটে বেচাকেনা অনেক ভালো যাচ্ছে। ক্রেতার অভাব নেই। এর আগের হাটগুলোও ভালো গেছে আজকেও ভালো যাচ্ছে। গরু কেনা পড়েছিলো ৩০ থেকে ৪০ হাজার এখন বিক্রি করছি ৮০ থেকে ৯০ হাজারের মধ্যে।

দারিয়াপুর গ্রামের গরু ব্যবসায়ী মহিব পাল জানান, বাজারে প্রচুর গরু হয়েছে সেই অনুযায়ী পর্যাপ্ত ক্রেতাও আছে। আমি ১১ টা গরু এনে ৮ টি বিক্রি করে ফেলেছি। আজ বেশির ভাগ ক্রেতা আসছে কসাই।

সাংবাদিক রুবেল হত্যাকান্ডে পুলিশের নির্লিপ্ততা ও ব্যর্থতা সাংবাদিকদের ভাবিয়ে তুলেছে

কুষ্টিয়ার সাংবাদিক হাসিবুর রহমান রুবেলের হত্যাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবীসহ সারাদেশে সাংবাদিকদের হামলা, মামলা, গ্রেফতার ও নির্যাতনের বিরুদ্ধে মেহেরপুর প্রেসক্লাবের উদ্যোগে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর প্রেসক্লাবের সভাকক্ষে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, সাবেক সভাপতি আলামিন হোসেন, প্রেসক্লাবের উপদেষ্টা তুহিন আরণ্য, কামারুজ্জামান খান, সহসভাপতি ফারুক মল্লিক, গোলাম মোস্তফা, সদস্য জুলফিকার আলী কানন, আবু আক্তার করণ, বেন আমিন মুক্ত, মেহের আমজাদ, রামিজ আহসান প্রমুখ।

প্রেস ক্লাবের দফতর সম্পাদক মনিরুল ইসলামের সঞ্চালনায় প্রতিবাদ

সমাবেশে বক্তারা বলেন, কালো টাকার মালিক ও সন্ত্রাসীদের হাতে সাংবাদিক হত্যার ঘটনা শুধুমাত্র বাংলাদেশেই হয়। বিশ্বের কোনো দেশে সন্ত্রাসীদের হাতে সাংবাদিক খুন হয়না।

সাংবাদিক রুবেল হত্যার ঘটনায় কুষ্টিয়ার পুলিশের নির্লিপ্তিতার অভিযোগ এনে বক্তারা বলেন, এই তরুণ সাংবাদিকের হত্যাকান্ডের বিষয় কুষ্টিয়ার পুলিশের হাত আছে কিনা সেটাও খুজে দেখতে হবে। একটি ফোন কল দিয়ে সাংবাদিক রুবেলকে ডেকে নেয়া হয়েছিল। তারপর থেকে ৪ দিন গড়িয়ে গেলেও পুলিশ নিখোঁজ সাংবাদিক রুবেলের ব্যাপারে কোনো পদক্ষেপ নেননি।

রুবেলের বিষয়ে কুষ্টিয়া পুলিশের ব্যার্থতা ও নিরাবতা নিয়ে সাংবাদিকদের এখন ভাবিয়ে তুলেছে বলেও মনে করেন সাংবাদিকরা। বক্তারা বলেন, রুবেলের নিখোঁজ ও লাশ উদ্ধার, এক ঘন্টার মধ্যে সমাধান সম্ভব ছিলো।

কুষ্টিয়ার পুলিশের ভূমিকা জিডি হওয়া থেকে শুরু করে এখন পর্যন্ত রহস্যজনক। আগামী ঈদের পর সাংবাদিকদের সকল সংগঠনকে একসাথে নিয়ে বৃহত্তর কর্মসূচী বাস্তবায়ন করা হবে।

দড়ি টেনে উল্টো রথযাত্রার উদ্বোধন করলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

উল্টো রথযাত্রা অনুষ্ঠানের মধ্য দিয়ে মেহেরপুরে ইসকন প্রচার কেন্দ্রের উদ্দ্যোগে আয়োজিত অনুষ্ঠানমালার সমাপ্তি হয়েছে ।

আজ শুক্রবার (৮ জুলাই) বিকালে মেহেরপুর শহরের শ্রীশ্রী হরিভক্তি প্রদায়িনী পূজা মন্দির থেকে উল্টো রথযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষ হয়।

দড়ি টেনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুরে-১ আসনের জাতীয় সংসদ সদস্য ফরহাদ হোসেন উল্টো রথ যাত্রার উদ্বোধন করেন।

মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক ও মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রশিকিউটর (পিপি)পল্লব ভট্টাচার্যের নেতৃত্বে ইসকন প্রচার কেন্দ্রের রথযাত্রায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ইসকনের মেহেরপুর শাখার পরিচালক সুমহান মুকুন্দ ব্রহ্মচারী, সাংস্কৃতিক কর্মী শাশ্বত স্বপন চক্রবর্ত্তী উপস্থিত ছিলেন।

এসময় হিন্দু সম্প্রদায়ের শত শত ভক্ত উল্টো রথযাত্রায় অংশগ্রহণ করেন।পরে ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়।

দর্শনায় প্রেস স্ট্রিকার লাগানো মাইক্রোবাস থেকে ২২৮ বোতল ফেনসিডিলসহ দুজন আটক

দর্শনায় প্রেস স্ট্রিকার লাগানো মাইক্রোবাসে তল্লাশী অভিযান চালিয়ে ২২৮ বোতল ফেনসিডিলসহ দুজনকে আটক করেছেন দর্শনা থানা পুলিশ।

আটকরা হলেন চুয়াডাঙ্গার দর্শনা উপজেলার দক্ষিণ চাঁদপুর বাসস্যান্ডপাড়া এলাকার আব্দুল মালেক মন্ডলের ছেলে আবু সাঈদ (৩৮) ও মহাম্মদপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে আরিফুল ইসলাম (২৮)।

বৃহস্পতিবার (৭ জুলাই)ভোর সাড়ে ৫ টার দিকে দর্শনা পৌরসভার হিজলগাড়ি সড়কের দোয়েল ইটভাটার সামনে এ অভিযান চালান পুলিশ।

দর্শনা থানার এসআই(নিঃ) সুমন্ত বিশ্বাস, এএসআই(নিঃ) মোঃ আবু বক্কর সিদ্দিক ও সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনার আলোচিত কন্ঠ’র প্রেস ষ্টিকার লাগানো মাইক্রোবাসে করে ওই দুই ফেনসিডিল নিয়ে যাচ্ছিল। গোপন সংবাদে পুলিশের একটি টীম মাইক্রোবাসটিতে তল্লাশী অভিযান চালান।এসময় ওই মাইক্রোবাসের মধ্যে সীটের নিচ থেকে ২২৮ বোতল ফেনসিডিল উদ্ধার হয়।এসময় ওই দুই মাদক ব্যবসায়ীকে আটক ও মাইক্রোবাসটি জব্দ করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় গাজাসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ১ কেজি গাজাসহ আনিছুর রহমান (৪৪) কে গ্রেফতার করেছে।

শুক্রবার বেলা ১২ টার দিকে অভিযান চালায় কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের জামাল হোসেনের চায়ের দোকানের সামনে এ অভিযান চালান।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনা থানার এসআই(নিঃ) মোঃ হারুন উর রশিদ পিপিএম,এর নেতৃত্বে এএসআই(নিঃ) মোঃ সানোয়ার হোসেন, এএসআই(নিঃ) মোঃ হাসানুল বান্না সঙ্গীয়ফোর্সসহ দর্শনার কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের কামালের চায়ের দোকানের সামনে অভিযান চালিয়ে তাকে আটক করেন। মাদক আইনে মামলা দিয়ে শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

ব্যথার ওষুধ খাবেন নাকি ফিজিওথেরাপি নেবেন

ব্যথার ওষুধের ব্যবহার বাড়ছে দিন দিন। দীর্ঘমেয়াদে এই ওষুধ খেলে কিডনির সমস্যা দেখা দিতে পারে।

আধুনিক চিকিৎসাবিজ্ঞান ব্যাথানাশক ওষুধ, বিশেষ করে পার্শ্বপ্রতিক্রিয়া তৈরি করে এমন ওষুধ গ্রহণের বিরোধী।

এখন চিকিৎসার উদ্দেশ্য কেবল রোগ ভালো করা নয়, একটি রোগ ভালো

করতে গিয়ে যাতে শরীরের অন্য ক্ষতি না হয়ে যায় সে দিকেও খেয়াল রাখেন চিকিৎসকরা। যেমন শারীরিক ব্যথা; ব্যথাবিরোধী ওষুধগুলো আমাদের শরীরে অনেক পার্শ্বপ্রতিক্রিয়া তৈরি করে থাকে, যা অনেক সময় মারাত্মক আকার ধারণ করতে পারে।

ব্যথায় ওষুধ খাবেন নাকি ফিজিওথেরাপি নেবেন এ বিষয়ে বিস্তারিত জানিয়েছেন ফিজিওথেরাপি বিশেষজ্ঞ ডা. মোহাম্মদ আলী।

শারীরিক ব্যথার ধরন : যেসব শারীরিক ব্যথা আমাদের বেশি ভোগায় তার মধ্যে ঘাড়, কোমর, হাঁটু, কাঁধ, হাতের কুনুই, পায়ের গোড়ালি এবং পিঠ ব্যথা অন্যতম। চল্লিশোর্ধ্ব নারী-পুরুষ সবচেয়ে বেশি ভুগে থাকেন। যারা দীর্ঘ সময় অফিসে বসে কাজ করেন অথবা প্রতিদিন অফিসে যাতায়াতের জন্য যানবাহনে বসে থাকেন তাদের মধ্যে ব্যথায় আক্রান্ত হওয়ার প্রবণতা বেশি থাকে।

এছাড়া ডায়াবেটিস রোগীদের ঘাড়, কোমর, হাঁটু ও কাঁধ ব্যথা বেশি হয়। তাছাড়াও যারা ভারি কাজ অথবা সংসারের কাজ যেমন কাপড়কাঁচা ঘরমোছা ইত্যাদি অত্যধিক পরিমাণে করে থাকেন তাদেরও ব্যথায় আক্রান্ত হওয়ার প্রবণতা বেশি থাকে।

ব্যথার ওষুধ কীভাবে কাজ করে : ব্যথার ওষুধ গ্রহণের ফলে এর উপাদান পাকস্থলি থেকে রক্তের মাধ্যমে শরীরের বিভিন্ন অংশে পৌঁছায় এবং কোষ থেকে এক ধরনের রাসায়নিক পদার্থের নিঃসরণ ঘটায় যা বিভিন্ন মেকানিজম (যেমন- পেইন গেট থিউরি)-এর মাধ্যমে ব্যথার স্থানের প্রদাহ কমাতে চেষ্টা করে। কিন্তু ব্যথার ওষুধ পাকস্থলি ও কিডনির মাধ্যমে শরীরে ছড়ায় বলে তা পাকস্থলিতে ক্ষতের সৃষ্টি করতে পারে অথবা আগে থেকেই পাকস্থলিতে ক্ষত বা আলসার থাকলে তা বাড়িয়ে দিতে পারে।

একইভাবে দীর্ঘদিন কিডনি দিয়ে ব্যথার ওষুধ নিঃসরণ হলে কিডনির স্থায়ী ক্ষতি হতে পারে। তাছাড়া ব্যথার ওষুধ সারা শরীরে ছড়িয়ে পড়ে। যেমন- ঘাড় ব্যথার জন্য কেউ ব্যথানাশক সেবন করল, তা কি শুধু ঘাড়েই ছড়াবে? না, এই ওষুধের উপাদানগুলো রক্তের মাধ্যমে সারা শরীরে পৌঁছে যাবে এবং শরীরের সুস্থ অংশে অনাকাক্সিক্ষত প্রতিক্রিয়া সৃষ্টি করবে। বিষয়টি মশা মারতে কামান দাগার মতোই অনভিপ্রেত। তাই দীর্ঘদিন ব্যথানাশক সেবন করলে তা শরীরে পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি করবেই।

ফিজিওথেরাপি কীভাবে কাজ করে: ফিজিওথেরাপি স্থানীয় বা লোকাল

চিকিৎসা। অর্থাৎ শরীরের যে অংশ ব্যথায় আক্রান্ত সাধারণত সেই অংশেই ফিজিওথেরাপি প্রয়োগ করা হয়। শুধু ব্যথা নিরাময় ফিজিওথেরাপির উদ্দেশ্য নয়, ব্যথার কারণ নির্ণয় করে তা নির্মূল করাই এর লক্ষ্য। ধরুন, পিএলআইডি বা কোমরের কশেরুকার চাকতি সরে গিয়ে তা স্নায়ুর ওপর চাপ সৃষ্টি করে কোমর ও পায়ে ব্যথা সৃষ্টি করল।

এ ক্ষেত্রে ব্যথার ওষুধের কাজ কি? ব্যথানাশক কেবল সাময়িকভাবে ব্যথা কমাতে পারবে কিন্তু স্নায়ুর ওপর যে চাপ সৃষ্টি হল তা সরানোর ক্ষমতা ব্যথার ওষুধের নেই। পক্ষান্তরে ইলেক্ট্রোথেরাপির মাধ্যমে সাময়িক ব্যথা নিয়ন্ত্রণ এবং ম্যানিপুলেটিভ থেরাপির মাধ্যমে স্নায়ুর চাপ সরানো সম্ভব। অর্থাৎ ফিজিওথেরাপি ব্যথা ও ব্যথার কারণ দুটোর উপরেই কাজ করে।

তাই এটি দ্রুত ও কার্যকরি এবং যেহেতু এটি কিডনি ও পাকস্থলির ওপর কোনো প্রভাব ফেলে না, তাই এটি গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি করে না।

অন্যান্য রোগে ফিজিওথেরাপি: ব্যথা ছাড়াও স্ট্রোক পারালাইসিস, বেলস পালসি ইত্যাদিতেও ফিজিওথেরাপি বেশ কার্যকর। মুখ বেঁকে যাওয়া বা বেলস পালসিতে রোগীরা প্রদাহ ও ভাইরাসবিরোধী ওষুধের সঙ্গে সঙ্গে দ্রুত ফিজিওথেরাপি নেয়া শুরু করলে সুস্থ হওয়ার সম্ভাবনা অনেক বেড়ে যায়। আর স্ট্রোক প্যারালাইসিস রোগীরা একজন ফিজিওথেরাপি বিশেষজ্ঞের অধীনে চিকিৎসা নিলে স্ট্রোক নিরাময় হয়ে আবার কর্মক্ষমতা ও সচলতা ফিরে পেতে পারেন।

কোথায় ফিজিওথেরাপি চিকিৎসা পাবেন : সঠিক ফিজিওথেরাপির প্রথম ধাপ হল সঠিকভাবে রোগ নির্ণয়। ঠিক কি কারণে আপনার শরীরে ব্যথা হচ্ছে তা নির্ণয় করতে না পারলে কখনই ফিজিওথেরাপি ফলপ্রসূ হবে না। উদাহরণ স্বরুপ বলা যায়; হার্টের রোগ বা প্রেসার থেকে অনেক সময় ঘাড় কাঁধ বা বুক ব্যথা হতে পারে কিন্তু কারণ না জেনেই যদি এসব ক্ষেত্রেও ফিজিওথেরাপি প্রয়োগ করা হয় তা কি কাজ করবে?

তাই প্রথমেই ফিজিওথেরাপি বিশেষজ্ঞকে রোগ নির্ণয় করার সুযোগ দিতে হবে। আবার অনেকেই ফিজিওথেরাপির নামে না জেনে বিভিন্ন ধরনের ম্যাসাজ বা মালিশ বা টানাটানি করে থাকেন। এটিও হিতে বিপরীত ফল আনতে পারে। তাই একজন অভিজ্ঞ ফিজিওথেরাপি বিশেষজ্ঞের সরাসরি তত্ত্বাবধানে ফিজিওথেরাপি নিলেই তা সবচেয়ে ভালো ফল দেবে।

যত্রতত্র গজিয়ে উঠা সেন্টারে ফিজিওথেরাপি না নেয়াই বুদ্ধিমানের কাজ।

ফিজিওথেরাপি একটি গুরুত্বপূর্ণ চিকিৎসা পদ্ধতি। এ চিকিৎসা নিয়ে অবহেলার সুযোগ নেই। একজন রোগীর সুস্থ হওয়ার উদ্দেশ্য নিয়েই ফিজিওথেরাপি নেয়া উচিত। অনেই মনে করেন সাময়িক আরাম পাওয়ার জন্যই ফিজিওথেরাপি দেওয়া হয়।

ধারণাটি সম্পূর্ণ ভুল। সাময়িক ব্যথা মুক্তির জন্য আপনি ব্যথানাশক খেতে পারেন, কিন্তু ফিজিওর মূল্য উদ্দেশ্য হল রোগীকে দীর্ঘ সময়ের জন্য ব্যথা ও ব্যথার কারণ মুক্ত করা এবং প্যারালাইসিসসহ অন্যান্য অচল রোগীর সচলতা ফিরিয়ে দেয়া।

মুজিবনগরে মোবাইল ফোন কিনে না দেওয়ায় এএসসি পরীক্ষার্থীর আত্মহত্যা

মোবাইল ফোন কিনে না দেওয়ায় আয়েশা আক্তার রিতু (১৫) নামের এসএসসি পরীক্ষার্থী গলাই ওড়না পেচিয়ে আত্মহত্যা করেছেন।

আয়েশা আক্তার রিতু মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের উত্তরপাড়া এলাকার রাজমিস্ত্রি রিপন মন্ডলের মেয়ে ও স্থানীয় দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী।

আজ শুক্রবার (৮ জুলাই) দুপুরের দিকে টিনের ঘরে নিজ কক্ষের আড়ার সাথে ওড়না পেঁচানো ঝুলন্ত মরদেহ দেখে পুলিশকে খবর দিলে মুজিবনগর থানা পুলিশের একটি ইউনিট তার মরদেহ উদ্ধার করে। তবে, কোনো অভিযোগ না থাকায় পরিবারের লোকজনের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে।

দারিয়াপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের সাবেক মেম্বর মাসুদ রানা মানিক রিতুর মা কবিতা খাতুনের উদ্ধৃতি দিয়ে জানান, মায়েশা আক্তার রিতু বেশ কিছুদিন যাবৎ একটি মোবাইল ফোন নেওয়ার জন্য পিতা মাতার কাছে

চাপ দিয়ে আসছিলো। এই সময়ে পিতা মাতার হাতে টাকা পয়সা নেই। এছাড়া এসএসসি পরীক্ষার পরে তাকে মোবাইল ফোন কিনে দেবেন বলে জানিয়েছিলেন পিতা মাতা। মোবাইল ফোন কিনে না দিলে আত্মহত্যা করবে বলেও আজ সকালের দিকে বাবা মাকে হুমকী দিয়েছিল রিতু। বাবা ঘরে না থাকার সুযোগে রিতু নিজ কক্ষের আড়ার সাথে ওড়না পেচিয়ে আত্মহত্যা করে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রাসেল মেহেদী জানান, কোনে অভিযোগ না থাকায় ময়না তদন্ত ছাড়াই নিহতের মরদেহ পিতা মাতার নিকট দেওয়া হয়েছে। এব্যাপারে থানায় একটি অপমৃত্যু মামলা নেওয়া হয়েছে।